

# খাগড়াছড়িতে পাহাড় ধসে সড়ক যোগাযোগ বিঘ্নিত

সাজেকের সঙ্গে খাগড়াছড়ির সড়ক যোগাযোগ বন্ধ হয়ে পড়ায় আটকা পড়েছেন শতাধিক পর্যটক।



খাগড়াছড়ি প্রতিনিধি বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম

Published : 02 Jul 2024, 08:51 AM

খাগড়াছড়ির আলুটিলা সাপমারা এলাকায় পাহাড় ধসের ঘটনা ঘটেছে।

মঙ্গলবার ভোর ৫টার দিকের এই ঘটনার পর ঢাকা ও চট্টগ্রামের সঙ্গে যান চলাচল বন্ধ হয়ে পড়ে, আটকা পড়ে বহু যানবাহন।

যাত্রীরা জানান, ভোরে সাপমারায় পাহাড়ের মাটি ধসে যাওয়ায় পর যান চলাচল বন্ধ হয়ে যায়। এরপর সড়কের উপর থেকে মাটি সরানোর কাজ শুরু করে ফায়ার সার্ভিস।

টোয়েন্টকের উত্থমবে বতেন, বণারয় সাতস বমারয় সড়কের অবগালেশের মাত সারয়েছে। উহ পাশ দিয়ে ছোট যান চলাচল শুরু হয়েছে। সড়কের পুরো অংশ চালু হতে ঘণ্টা খানেক সময় লাগতে পারে।”



এদিকে দীঘিনালা-লংগদু সড়কের হেড কোয়ার্টার এলাকায় সড়ক ডুবে যাওয়ায় রাঙামাটির লংগদুর সঙ্গে সারাদেশের সড়ক যোগাযোগ বন্ধ হয়ে গেছে। ডুবে গেছে মেরুং বাজার।

টানা বর্ষণে সৃষ্ট পাহাড়ি ঢলে খাগড়াছড়ির দীঘিনালার মেরুং ইউনিয়ন ও কবাখালী ইউনিয়নের ২৫ গ্রাম প্লাবিত হয়েছে। টানা বর্ষণে মাইনী নদীর পানি বেড়ে বন্যা সৃষ্টি হয়েছে। সড়ক যোগাযোগ বন্ধ হয়ে যাওয়ায় দুর্ভোগে পড়েছেন সাধারণ মানুষ।

মেরুং ইউনিয়নের চেয়ারম্যান মাহমুদা বেগম লাকি বলেন, “টানা বৃষ্টি ও পাহাড়ি ঢলে গতকাল রাতে মেরুং ইউনিয়নের ২০ গ্রাম প্লাবিত হয়েছে। মেরুংয়ের হেড কোয়ার্টার এলাকায় সড়কে পানি উঠে যাওয়ায় লংগদুর সাথে সড়ক যোগাযোগ বন্ধ রয়েছে।”

অন্যদিকে পর্যটন কেন্দ্র সাজেকের সঙ্গে খাগড়াছড়ির সড়ক যোগাযোগ বন্ধ হয়ে গেছে। পাহাড়ি ঢলে সাজেক-খাগড়াছড়ি সড়কের বাঘাইহাট বাজার, মাচালং বাজারসহ একাধিক স্থানে সড়কের উপরে পানি উঠে গেছে। পর্যটকবাহী যান চলাচল বন্ধ থাকায় সাজেকে আটকা পড়েছেন শতাধিক পর্যটক।